অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/1/2025 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল নিউ ইয়র্ক স্টেটে 'মেন্টাল হেলথ সচেতনতার মাস' শুরু করার জন্য পুরো সিস্টেমের উন্নয়নের কথা তুলে ধরলেন

মেন্টাল হেলথ কেয়ারে নজিরবিহীন বিনিয়োগ ইনপেশেন্ট শয্যা যোগ করবে, স্পেশালাইজড হাউজিং এবং আউটরিচ দল অনেক বেশি পরিমাণে বাড়াবে

গভর্নর ঘোষণাপত্র জারি করলেন; সচেতনতা বাড়াতে এবং স্টিগমা কমাতে 1 মে স্টেটের ভবন ও ল্যান্ডমার্কগুলিকে সবুজ আলোয় আলোকিত করার নির্দেশ দিলেন

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজকে পুরো নিউ ইয়র্কে (New York) মে মাসকে মেন্টাল হেলথ সচেতনতা মাস (Mental Health Awareness Month) হিসেবে স্বীকৃতি দিয়েছেন, একটি ঘোষণাপত্র জারি করেছেন এবং 2023 সালে তার ল্যান্ডমার্ক 1 বিলিয়ন মার্কিন ডলারের মেন্টাল হেলথ উদ্যোগ শুরু করার পর থেকে স্টেটের কেয়ারের সিস্টেম জোরদার করতে যে নজিরবিহীন বিনিয়োগ করা হয়েছে তা তুলে ধরেছেন। এই তহবিলের ফলে স্টেট পরিচালিত সাইকিয়াট্রিক সেন্টারগুলির ধারণক্ষমতা বহু বছরের মধ্যে সবথেকে বেশি পরিমাণ বাড়ানো হয়েছে, কমিউনিটিভিত্তিক হাসপাতালে আরো শয্যা পাওয়া সম্ভব হয়েছে, এবং আউটপেশেন্ট ও প্রতিরোধ সেবা অনেক ব্যাপকভাবে বেড়েছে।

"মেন্টাল হেল্‌থে আমাদের ঐতিহাসিক বিনিয়োগ আমাদের কেয়ারের সিস্টেমকে অনেক ব্যাপকভাবে উন্নত করেছে, আরো বেশি নিউ ইয়র্কবাসীকে চিকিৎসার অ্যাক্সেস দিয়েছে এবং আমাদের স্টেটকে জাতীয়ভাবে শীর্ষ অবস্থানে স্থাপন করেছে।" **বলেছেন গভর্নর Hochul (হোকল)।** "আমরা যখন আজকে মেন্টাল হেলথ সচেতনতা মাসের শুরুকে স্বীকৃতি দিচ্ছি তখন আমরা আমাদের পুরো স্টেটের সকল ব্যক্তি ও পরিবারের চাহিদার সাড়াদান করার জন্য সেবা ও সমর্থন দিতে থাকার জন্য গর্বের সাথে অঙ্গীকার করছি।"

মেন্টাল হেলথে গভর্নর Hochul-এর (হোকল) বিনিয়োগের ফলে 105 মিলিয়ন মার্কিন ডলার অপারেটিং তহবিল এবং 831 মিলিয়ন মার্কিন ডলার ক্যাপিটাল পাওয়া গেছে। এই বিনিয়োগগুলি মেন্টাল হেলথ সিস্টেমের সকল দিকে ব্যবহার করা হয়, এবং এর মধ্যে আছে বহু দশকের মধ্যে ইনপেশেন্ট ধারণক্ষমতা সবথেকে বেশি বাড়ানো, ইনপেশেন্ট বা ইমার্জেন্সি সেটিং থেকে বের হওয়া নিউ ইয়র্কবাসীদেরকে চিকিৎসার সাথে সংযুক্ত করে দেওয়ার জন্য আরো জোরদার নিয়ম, মানুষকে নিজেদের কমিউনিটিতে নিরাপদে বাস করতে সাহায্য করার জন্য আরো আউটপেশেন্ট সমর্থন, শুধু মানসিকভাবে অসুস্থ ব্যক্তিদের জন্য হাজার হাজার নতুন

স্পেশালাইজড হাউজিং ইউনিট এবং কেয়ার পাওয়ার সুযোগ উন্নত করতে ইন্স্যুরেন্সের ব্যাপক সংশোধন।

অফিস অফ মেন্টাল হেলথের (Office of Mental Health, OMH) কমিশনার Dr. Ann Sullivan (ডাঃ অ্যান সালিভ্যান) বলেন, "গত তিন বছর ধরে মেন্টাল হেলথে গভর্নর Hochul-এর (হোকল) নজিরবিহীন বিনিয়োগ পুরো স্টেটে আরো কার্যকর এবং অ্যাক্সেসিবল কেয়ার সিস্টেম তৈরি করেছে, আরো মানুষকে যখন যেখানে সবথেকে বেশি প্রয়োজন সেখানে চিকিৎসা পেতে সাহায্য করছে। মেন্টাল হেলথ সচেতনতা মাস হলো আমাদের জন্য একটি সুযোগ যাতে আমরা মানসিক অসুস্থতা নিয়ে কথা, সুস্থ হয়ে উঠার গল্প বলতে পারি এবং প্রত্যেক নিউ ইয়র্কবাসীকে বুঝতে সাহায্য করতে পারি যে তাদের জন্য সাহায্য পাওয়ার সুযোগ আছে।"

মেন্টাল হেলথ সচেতনতা মাসের অংশ হিসেবে OMH মে মাসের প্রতি সপ্তাহে সোশ্যাল মিডিয়াতে ভিডিও পোস্ট করবে যেখানে মানসিক অসুস্থতা থেকে সুস্থ হয়ে উঠার ব্যক্তিগত গল্প তুলে ধরা হবে। এছাড়াও এজেন্সি কমিশনার Sullivan-এর (সালিভ্যান) থেকে নিউ ইয়র্কবাসীদের জন্য একটি ছোট বার্তা পোস্ট করেছে, পুরো স্টেটে মেন্টাল হেলথের ব্যাপারে সচেতনতা বাড়াতে অনুষ্ঠিত হওয়া পাবলিক ইভেন্টের তালিকা প্রকাশ করেছে এবং সকল নিউ ইয়র্কবাসীকে তাদের নিজেদের মানসিক সুস্থতা সম্পর্কে সতর্ক থাকতে উৎসাহিত করেছে, মানসিক সুস্থতা উন্নত করতে একটি স্টেটের তহবিল দেওয়া ওয়েবসাইট, Be Well-এ নিজের খেয়াল রাখার পরামর্শ দিচ্ছে।

গভর্নর Hochul (হোকল) দায়িত্ব নেওয়ার পর থেকে, নিউ ইয়র্ক স্টেট 875টি সাইকিয়াট্রিক শয্যা যোগ করেছে যার মধ্যে 550টি হলো কমিউনিটিভিত্তিক হাসপাতালে অনলাইনে ফেরত আনা শয্যা, এবং স্টেট পরিচালিত সাইকিয়াট্রিক সেন্টারে 325টি, যার মধ্যে 125টি ডিসেম্বর থেকে যোগ করা হয়েছে, সব মিলিয়ে এটি এইসব ফ্যাসিলিটিতে বহু বছরের মধ্যে করা সবথেকে বড় এক্সপ্যানশন। এছাড়াও স্টেট 109টি নতুন শয্যার তহবিল দিয়েছে যা বর্তমানে কমিউনিটিভিত্তিক হাসপাতালে যোগ করা হচ্ছে এবং কুইন্সের Creedmoor Psychiatric Center-এ একটি নতুন 75 শয্যার ট্রানজিশন টু হোম (Transition to Home) ইউনিট গঠন করার প্রস্তুতি নেওয়া হচ্ছে।

গভর্নর Hochul-এর (হোকল) নির্দেশ অনুযায়ী স্টেটের অফিস অফ মেন্টাল হেলথ এবং ডিপার্টমেন্ট অফ হেলথ (Department of Health) সম্প্রতি নতুন নিয়ম গ্রহণ করেছে যা এখন কার্যকর করা হয়েছে যাতে নিশ্চিত করা যায় যে ইনপেশেন্ট ও ইমার্জেন্সি সাইকিয়াট্রিক কেয়ার দরকার হওয়া ব্যক্তিদেরকে ইনপেশেন্ট ও ইমার্জেন্সি সাইকিয়াট্রিক কেয়ার থেকে ডিসচার্জ করার সময় আউটপেশেন্ট কেয়ারের সাথে সংযুক্ত করে দেওয়া হয়। এই নিয়মগুলি অ্যাডমিশন এবং ডিসচার্জের ক্রাইটেরিয়াকে স্ট্যান্ডার্ডাইজ করে, ফ্যাসিলিটিগুলোরই জন্য ফলো-আপ অ্যাপয়েন্টমেন্টের সময় স্থির করে দেওয়া, আত্মহত্যার ঝুঁকি আছে কিনা তা দেখা, এবং কেয়ার ম্যানেজারদের সাথে ডিসচার্জের বিস্তারিত সমন্বয় করা আবশ্যক করে দেয়।

স্টেটের হেলথ কমিশনার Dr. James McDonald (ডাঃ জেমস ম্যাকডোনাল্ড) বলেন, "মেন্টাল হেলথ সচেতনতা মাস হলো এটি মনে করার একটি ভালো সময় যে ভালো মেন্টাল হেলথ ভালো শারীরিক স্বাস্থ্যের একটি অতি গুরুত্বপূর্ণ অংশ। গভর্নর Hochul-এর (হোকল)

নেতৃত্বের অধীনে এই বিনিয়োগগুলি নিউ ইয়র্কবাসীকে চিকিৎসা পাওয়ার আরো সুযোগ দিবে এবং নিউ ইয়র্কের হেলথ সিস্টেমের সকল পর্যায়ে সেবা বাড়িয়ে দিবে এবং একই সাথে মেন্টাল হেলথ অবস্থার সাথে সম্পর্কিত স্টিগমা কমিয়ে দিবে।"

এই চেষ্টার অংশ হিসেবে, স্টেট পুরো স্টেটে 13টি নতুন সার্টিফাইড কমিউনিটি বিহেভিওরাল হেলথ ক্লিনিক (Certified Community Behavioral Health Clinics) স্থাপন করেছে, এবং এই গ্রীষ্মকালে আরো 13টি লাইসেন্স পাবে বলে আশা করা যাচ্ছে, যার ফলে মোট সংখ্যা হবে 39টি। এই ক্লিনিকগুলি এখানে আসা যেকোনো মানুষকে মেন্টাল হেলথ এবং মাদক ব্যবহার ব্যাধির সেবা দিয়ে থাকে, যা তাদের ইন্স্যুরেন্স আছে কিনা তার উপর নির্ভর করে না, এবং এখন তারা 38,000-এর বেশি Medicaid-এ নাম লেখানো নিউ ইয়র্কবাসীদের সেবা দিচ্ছে।

এছাড়াও OMH স্টেটের সকল এলাকায় 50টি ক্রিটিক্যাল টাইম ইন্টারভেনশন (Critical Time Intervention) দল প্রতিষ্ঠা করছে যাতে কেয়ার ম্যানেজমেন্ট সেবা দেওয়া যায় এবং কেয়ারের ট্রানজিশন, যেমন ইনপেশেন্ট সেটিং থেকে বের হওয়ার সময় ব্যক্তিদের সাহায্য করার সমর্থন দেওয়া যায়। প্রথম 31টিকে এখন পর্যন্ত তহবিল দেওয়া হয়েছে, যার ফলে এই দলগুলির 3,480 জন নিউ ইয়র্কবাসীকে সেবা দেওয়ার ক্ষমতা আছে।

গভর্নর Hochul-এর (হোকল) মেন্টাল হেলথ উদ্যোগ এছাড়াও চারটি নতুন ইন্টেনসিভ এবং সাস্টেইনড এনগেজমেন্ট (Intensive and Sustained Engagement, INSET) দল গঠন করেছে, এগুলি পিয়ারের নেতৃত্বে চলে এবং জটিল মেন্টাল হেলথ চাহিদাসহ ব্যক্তিদের এবং যাদের জন্য গতানুগতিক ধরণের সেবা পাওয়া কঠিন তাদেরকে সমর্থন সেবা দিয়ে থাকে। দলগুলি এখন নিউ ইয়র্ক সিটি (New York City), রচেস্টার (Rochester) এলাকা, ওয়েস্টচেস্টার (Westchester), এবং লং আইল্যান্ডে (Long Island) কাজ করছে, একত্রে তারা 300 জনের বেশি ব্যক্তিকে সেবা দিচ্ছে।

এই বিনিয়োগটি এছাড়াও 43টি নতুন অ্যাসার্টিভ কমিউনিটি ট্রিটমেন্ট (Assertive Community Treatment, ACT) দলকে তহবিল দিয়েছে, যাদের কাছে 1,836 জন মানসিকভাবে অসুস্থ ব্যক্তিকে কোনো হাসপাতালের সীমাবদ্ধ পরিবেশের বদলে তাদের কমিউনিটিতেই সেবা দেওয়ার ক্ষমতা আছে।

মেন্টাল হেলথ উদ্যোগটি Safe Options Support (SOS) প্রোগ্রামকে অনেক বড় করেছে, যা এখন পর্যন্ত 1,000 জনের বেশি ব্যক্তিকে স্থায়ী বাসা পেতে সাহায্য করেছে, এর মধ্যে 147 জনকে OMH-এর লাইসেন্স পাওয়া হাউজিংয়ে নেওয়া হয়েছে। 2022 সালের বসন্তকালে প্রথম দলটি কাজ শুরু করার পর SOS প্রোগ্রামটির এখন 28টি দল আছে, এর মধ্যে আছে নিউ ইয়র্ক সিটির পাঁচটি বরোর প্রতিটিতে, লং আইল্যান্ডের উভয় কাউন্টিতে, এবং পুরো স্টেটের আরো 19টি কাউন্টিতে ক্যানভাসিং করা দল।

এই তহবিল এছাড়াও 1,296 ইউনিট স্পেশালাইজড হাউজিং খুলতে সাহায্য করেছে, এবং আরো 2,204টি হাউজিং ইউনিট নির্মাণ করা হচ্ছে। যে ইউনিটগুলি নির্মাণ করা হচ্ছে তার মধ্যে কমিউনিটির রেসিডেন্সের এক রুমের থাকার ইউনিট, সাপোর্টিভ হাউজিংয়ের এক রুমের থাকার ইউনিট এবং অল্প সময়ের জন্য ট্রানজিশনাল আবাসিক ইউনিট আছে।

গভর্নর Hochul-এর (হোকল) নির্দেশ অনুযায়ী স্টেট এছাড়াও ইন্স্যুরেন্স প্রদানকারীদের জন্য বিহেভিওরাল হেলথ সেবার জন্য নেটওয়ার্কের পর্যাপ্ততার স্ট্যান্ডার্ড প্রতিষ্ঠা করতে নতুন নিয়ম গ্রহণ করেছে। 1 জুলাই থেকে কার্যকর হতে যাওয়া এই নিয়মগুলি নিউ ইয়র্কবাসীকে নেটওয়ার্কের ভেতরের মেন্টাল হেলথ বা মাদক ব্যবহার ব্যাধির সেবার সাথে যুক্ত করে দেওয়ার জন্য কমার্শিয়াল এবং Medicaid-এর ম্যানেজড কেয়ার প্ল্যানগুলিকে 10 দিন সময় দেয়, না করতে পারলে বাড়তি কোনো খরচ ছাড়াই ব্যক্তিকে নেটওয়ার্কের বাইরের কোনো সেবাদানকারী অ্যাক্সেস দিতে হবে।

মেন্টাল হেলথ উদ্যোগটি এছাড়াও শিশু ও কমবয়সীদের জন্য সেবা অনেক বাড়িয়ে দিয়েছে, পুরো স্টেটের স্কুল ডিস্ট্রিক্টগুলিতে মেন্টাল হেলথ সেবা দেওয়ার জন্য 1,200টির বেশি স্কুলভিত্তিক মেন্টাল হেলথ ক্লিনিক স্যাটেলাইট স্থাপন করেছে। এছাড়াও স্টেট এখন 38টি কাউন্টিতে 30টি ইয়ুথ অ্যাসার্টিভ কমিউনিটি ট্রিটমেন্ট (Youth Assertive Community Treatment) দলকে তহবিল দেয়, যারা মারাত্মক ইমোশনাল সমস্যাসহ এমন কমবয়সী নিউ ইয়র্কবাসীদের সমর্থন দেয় যারা একটি ইনপেশেন্ট বা আবাসিক সেটিংয়ে প্রবেশ করার ঝুঁকিতে আছে বা সেখান থেকে বাড়ি ফিরছে।

মেন্টাল হেলথ সচেতনতা মাসের অংশ হিসেবে, গভর্নর Hochul (হোকল) 15টি স্টেট ভবন এবং ল্যান্ডমার্ককে আজকে 1 মে, বৃহস্পতিবার, সন্ধ্যার সময় সবুজ আলোয় আলোকিত করার নির্দেশ দিয়েছেন, এই রংটি মেন্টাল হেলথ সম্পর্কে সচেতনতার প্রতীক হয়ে উঠেছে। এর মধ্যে রয়েছে:

- ওয়ান ওয়ার্ল্ড ট্রেড সেন্টার (1WTC)
- গভর্নর মারিও এম. কুওমো ব্রিজ (Mario M. Cuomo Bridge)
- কস্কুইজকো ব্রিজ (Kosciuszko Bridge)
- এইচ. কার্ল ম্যাককল সানি বিল্ডিং (The H. Carl McCall SUNY Building)
- রাষ্ট্রীয় শিক্ষা ভবন (State Education Building)
- আলফ্রেড ই. স্মিথ স্টেট অফিস বিল্ডিং (Alfred E. Smith State Office Building)
- এম্পায়ার স্টেট প্লাজা (Empire State Plaza)
- স্টেট ফেয়ারগ্রাউন্ডস - প্রধান গেট ও এক্সপো সেন্টার (State Fairgrounds - Main Gate & Expo Center)
- নায়াগ্রা জলপ্রপাত (Niagara Falls)
- “ফ্রাঙ্কলিন ডেলানো রুজভেল্ট” মধ্য-হাডসন ব্রিজ (“Franklin D. Roosevelt” Mid-Hudson Bridge)
- অ্যালবানি আন্তর্জাতিক বিমানবন্দর গেটওয়ে (Albany International Airport Gateway)
- লেক প্লাসিড অলিম্পিক সেন্টার (Lake Placid Olympic Center)
- MTA LIRR - ইস্ট এন্ড গেটওয়ে যা পেন স্টেশনে আছে
- ইরি ক্যানেলের উপরস্থ ফেয়ারপোর্ট লিফট ব্রিজ
- ময়নিহান ট্রেন হল (Moynihan Train Hall)

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন